গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি

**শুল্কফাঁড়ি ইজারা প্রদানের জন্য দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি**

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন শুল্কফাঁড়িসমূহ ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত তফশীলে বর্ণিত সময়সূচী এবং প্রযোজ্য অন্যান্য শর্তাবলী মোতাবেক সরাসরি/ই-মেইল যোগে/ডাকযোগে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০২। **শুল্কফাঁড়িসমূহের নাম:**

| ক্র. নং | শুল্কফাঁড়ির নাম | শুল্কফাঁড়ির অবস্থান (উপজেলা) |
|---|---|---|
| ১। | বেতবুনিয়া শুল্কফাঁড়ি (ঘাগড়া উপশুল্কফাঁড়িসহ) | কাউখালী উপজেলা |
| ২। | রাইখালী শুল্কফাঁড়ি | কাপ্তাই উপজেলা |
| ৩। | বরইছড়ি শুল্কফাঁড়ি | |
| ৪। | রেশমবাগান শুল্কফাঁড়ি | |
| ৫। | বাঘাইছড়ি শুল্কফাঁড়ি<br>(দীঘিনালা-বাঘাইহাট সড়কের এ জেলার ১০ নং এলাকার উপ-শুল্কফাঁড়িসহ) | বাঘাইছড়ি উপজেলা |
| ৬। | আটারকছড়া - মেরুং শুল্কফাঁড়ি | লংগদু উপজেলা |
| ৭। | কেঙ্গেলছড়ি (জাহানাতলী উপ-ফাঁড়িসহ) | নানিয়ারচর উপজেলা |
| ৮। | বাঙ্গালহালিয়া শুল্কফাঁড়ি | রাজস্থলী উপজেলা (বাঙ্গালহালিয়া বাজারের দক্ষিণ দিকে বান্দরবান ও চট্টগ্রাম যাওয়ার পথ বান্দরবান সড়কে) |

০৩। **দরপত্র শিডিউল বিক্রি ও দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তফশীল:**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ডাক/দফা | দরপত্র শিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র শিডিউল প্রাপ্তি স্থান | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র দাখিলের স্থান |
| প্রথম ডাক | ২২/০৬/২০২৬ খ্রি. (অফিস চলাকালীন)। | প্রশাসন বিভাগ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ | ২৩/০৬/২০২৬খ্রি. বেলা ১২.০০ টা পর্যন্ত | ২৩/০৬/২০২৬খ্রি. বেলা ১২.৩০ টা | নির্বাহী কর্মকর্তার কার্যালয় রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ |
| দ্বিতীয় ডাক | ২৪/০৬/২০২৬ খ্রি. (অফিস চলাকালীন)। | প্রশাসন বিভাগ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ | ২৫/০৬/২০২৬খ্রি. বেলা ১২.০০ টা পর্যন্ত | ২৫/০৬/২০২৬ খ্রি. বেলা ১২.৩০ টা | |
| তৃতীয় ডাক | ২৮/০৬/২০২৬ খ্রি. (অফিস চলাকালীন)। | প্রশাসন বিভাগ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ | ২৯/০৬/২০২৪ খ্রি. বেলা ১২.০০ টা পর্যন্ত | ২৯/০৬/২০২৬ খ্রি. বেলা ১২.৩০ টা | |

**বিশেষ দ্রষ্টব্য:**
প্রথম/দ্বিতীয়/তৃতীয় ডাকে প্রাপ্ত দরপত্র সন্তোষজনক বিবেচিত হলে পরবর্তী ডাকের জন্য শিডিউল বিক্রি হবে না। দরপত্র সন্তোষজনক না হলে নির্ধারিত পরবর্তী তারিখের ডাকের জন্য শিডিউল বিক্রি করা হবে। প্রত্যেক দরপত্র খোলার দিন উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে এবং নোটিশ বোর্ডের মাধ্যমে পরবর্তী ইজারা ডাকের বিষয়ে জানিয়ে দেওয়া হবে। এছাড়া দরপত্র শিডিউল সংগ্রহের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত প্রশাসন বিভাগে দরপত্র শিডিউল ও অন্যান্য শর্তাবলী সম্পর্কে বিস্তারিতভাবে জানা যাবে।

০৪। দরপত্র শিডিলের মূল্য: বেতবুনিয়া শুল্কফাড়ির ক্ষেত্রে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা এবং অন্যান্য ফাঁড়ির ক্ষেত্রে প্রতিটি ৩,০০০/-(তিন হাজার) টাকা হারে।

০৫। ই-মেইল যোগে দরপত্র দাখিলের ক্ষেত্রে E-mail address:
cht.rhdc.lease@gmail.com অথবা cht.rhdc@yahoo. com ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ সকল ডকুমেন্টস পরিস্কার ও পঠনযোগ্যভাবে PDF আকারে স্ক্যান করে ZIP File আকারে নির্ধারিত সময়সীমার মধ্যে দাখিল করতে হবে।

০৬। শর্তাবলী:

১) প্রত্যেক শুল্কফাঁড়ির জন্য শুল্কফাঁড়ির নাম উল্লেখপূর্বক সিডিউলের সাথে সংযুক্ত **"ইজারা গ্রহণের দরপত্র বা ইজারা পাওয়ার আবেদনে"** দর উদ্বৃত করতে হবে এবং দরপত্রের সাথে উদ্বৃতদরের সম্পূর্ণ অর্থ, উদ্বৃত দরের **১৫%** ভ্যাট এবং **১০%** আয়করের অর্থ, অর্থাৎ উদ্বৃত দর মোতাবেক সম্পূর্ণ ইজারামূল্য, ভ্যাট ও আইটিসহ **প্রদেয় ১০০%** অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ বরাবর) দাখিল করতে হবে।

২) দরপত্র শিডিউলের সাথে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য শুল্কফাঁড়িভিত্তিক নির্ধারিত **ন্যূনতম ভিত্তিমূল্যের** তালিকা সংযুক্ত থাকবে। উক্ত ন্যূনতম ভিত্তিমূল্যের কম দর দাখিল করা হলে তা গ্রহণযোগ্য হবে না এবং সংশ্লিষ্ট দরপত্র প্রতিযোগিতার জন্য সরাসরি অযোগ্য বিবেচিত হবে। কেবল নির্ধারিত **ন্যূনতম ভিত্তিমূল্য/ভিত্তিমূল্যের** বেশি দর দাখিলকারীদের দরপত্র/দরপত্রসমূহ প্রতিযোগিতামূলক দরপত্র হিসেবে বিবেচনা করা হবে।

৩) এছাড়া, সরকার পরবর্তীতে শুল্কহার (ভ্যাট/আইটি) বৃদ্ধি করলে বা নতুনভাবে আরোপ করলে পূনঃনির্ধারিত হারে অতিরিক্ত ভ্যাট/আইটি/প্রযোজ্য কর পরিশোধ করতে হবে।

৪) কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন শেষে নিলাম/ইজারা ডাক অনুমোদনের পর দরপত্রদাতা/ব্যক্তি/প্রতিষ্ঠান বা ঠিকাদারের সাথে শুল্কফাঁড়ি পরিচালনা সংক্রান্ত চুক্তিনামা সম্পাদিত হবে এবং অনুমোদিত দরপত্রদাতা/ব্যক্তি/প্রতিষ্ঠান বা ঠিকাদারকে ইজারার নির্ধারিত সময়ের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।

৫) শুল্কফাঁড়ি পরিচালনা/ব্যবস্থাপনার ক্ষেত্রে পরিষদের ২০০০ সনের সংশ্লিষ্ট প্রবিধান অনুযায়ি যাবতীয় বিধি-বিধান কার্যকর হবে।

৬) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭) দরপত্রের খামের উপর শুল্কফাঁড়ির নাম উল্লেখ করতে হবে।

৮) ডাকযোগে প্রাপ্ত দরপত্রও গ্রহণ করা হবে। তবে তা নির্ধারিত তারিখ ও নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে।

৯) ডাকযোগে দরপত্র প্রেরণের ঠিকানা- চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি (খামের উপরিভাগে **"দরপত্র"** কথাটি উল্লেখ করতে হবে)।

১০) ই-মেইল যোগে দরপত্র দাখিলকারীগণকে ই-মেইলে প্রেরিত সকল ডকুমেন্টস এর মূলকপি কর্তৃপক্ষের চাহিদামতে যে কোন সময় অফিসে দাখিল করতে হবে এবং যাচাইয়ে সঠিক পাওয়া না গেলে দরপত্র সরাসরি অযোগ্য বিবেচনাসহ আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

১১) দরপত্রের সাথে দরপত্রদাতার জাতীয় পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে।

০৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

কৃষিবিদ কাজল তালুকদার
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

স্মারক নং- ২৯.৩৪.৮৪০০.২০৩.০৭.০০১.২৪/ ৪৫০ (১০০) তারিখ: ০৮/০৬/২০২৬খ্রি.

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো**

১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৩. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪. পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫. জনাব ..............................................., সদস্য, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ,রাঙ্গামাটি।
৬. প্রশাসক, রাঙ্গামাটি/বাঘাইছড়ি পৌরসভা।
৭. বিভাগীয় বন কর্মকর্তা, ....................................., রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮. উপজেলা নির্বাহী অফিসার,কাউখালী/কাপ্তাই/নানিয়ারচার/লংগদু/বাঘাইছড়ি উপজেলা,রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৯. ব্যবস্থাপক, কেপিএম, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০. ..................................................................... বিভাগ, (বিভাগীয় প্রধান), রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১. ইউপি চেয়ারম্যান, ..............................,ইউপি, .........................উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১২. সভাপতি, কাঠ ব্যবসায়ী সমিতি/বাস/ট্রাক মালিক সমিতি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৩. সভাপতি, বাস/ট্রাক মালিক সমিতি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৪. সভাপতি, মৌসুমী পণ্য ব্যবসায়ী কল্যাণ সমিতি, রিজার্ভ বাজার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৫. সভাপতি, মৎস্য ব্যবসায়ী বহুমুখী সমবায় সমিতি, কাঠালতলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৬. জনাব ................................................ ইজারাদার, বেতবুনিয়া/রাইখালী/বরইছড়ি/রেশমবাগান/
১৭. কেঙ্গেলছড়ি/আটারকছড়া/বাঘাইছড়ি/বাঙ্গালহালিয়া শুল্কফাঁড়ি, ২০২৫-২০২৬ অর্থবছর।
১৮. সম্পাদক, দৈনিক গিরিদর্পণ, রাঙ্গামাটি/সম্পাদক, দৈনিক ইত্তেফাক ,ঢাকা। তাঁকে বর্ণিত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় একদিন স্বল্পপরিসরে ০৯/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রচারপূর্বক বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৯. www.rhdc.gov.bd
২০. নোটিশ বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি।
২১. অফিস কপি।

নুরুদ্দীন মুহাম্মদ শিবলী নোমান
নির্বাহী কর্মকর্তা
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ